ADB ASIAN DEVELOPMENT BANK

## বাংলাদেশ: মাধ্যমিক শিক্ষা খাত ব্যবস্থাপনা উন্নয়ন

| | |
|---|---|
| প্রকল্পের নাম | মাধ্যমিক শিক্ষা খাত ব্যবস্থাপনা উন্নয়ন |
| প্রকল্পের নম্বর | ৪৪২১৩-০১৯ |
| দেশ | বাংলাদেশ |
| প্রকল্পের বর্তমান অবস্থা | অনুমোদিত |
| প্রকল্পের ধরন/ সহায়তার ধরন | কারিগরি সহায়তা |
| অর্থায়নের উৎস/ পরিমাণ | **TA 9452-BAN: মাধ্যমিক শিক্ষা খাত ব্যবস্থাপনা উন্নয়ন**<br>কারিগরী সহায়তামূলক বিশেষ তহবিল — মার্কিন ডলার ৫০০,০০০.০০ |
| কৌশলগত বিষয়সমূহ | অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি |
| পরিবর্তনের চালিকাশক্তি | শাসন ক্ষমতা ও সক্ষমতা উন্নয়ন<br>অংশীদারিত্ব |
| খাত/ উপখাত | **শিক্ষা-** মাধ্যমিক |
| জেন্ডার সমতা ও মূলধারাকরণ | জেন্ডার সংক্রান্ত উপাদান নেই |
| বিবরণ | এই কারিগরী সহায়তা সরকারের কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ে নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনাকে (fiduciary risk management) উন্নত করবে। এর ফলে বার্ষিক ঝুঁকি নিরোধ পর্যালোচনায় সহায়তা প্রদান এবং চিহ্নিত ঝুঁকিগুলোর গভীরতর পর্যালোচনার মাধ্যমে নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনার সক্ষমতা বাড়বে। সন্তোষজনক আর্থিক বিবরণী ও প্রতিবেদন তৈরি, অডিট আপত্তির সমাধান এবং অডিট প্রতিবেদন তৈরিতে সহায়তার মাধ্যমে বাধাহীনভাবে একটি অভিন্ন-বাজেট পদ্ধতি সূচনা করার ক্ষেত্রেও প্রকল্পটি সহায়তা করবে। |

| | |
|---|---|
| প্রকল্পের যৌক্তিকতা এবং দেশ/ আঞ্চলিক কর্ম-কৌশলের সাথে সম্পর্ক | সরকার কর্তৃক তহবিল ব্যবস্থাপনা এবং কার্যক্রমের ব্যয় নির্বাহে নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি নিরসনে এবং সরকারের ঝুঁকি নিরোধ ব্যবস্থাপনা জোরদার করার লক্ষ্যে সরকার একটি কারিগরী সহায়তার অনুরোধ জানিয়েছে। |
| উন্নয়ন প্রভাব | |

**প্রকল্পের উন্নয়ন ফলাফল**

| | |
|---|---|
| উন্নয়ন ফলাফলের বিবরণ | |
| উন্নয়ন ফলাফল অর্জনের অগ্রগতি | |

**বাস্তবায়নের অগ্রগতি**

| | |
|---|---|
| প্রকল্প ফলাফলের বিবরণ | |
| বাস্তবায়ন অগ্রগতির পর্যায় (ফলাফল, কর্মকাণ্ড এবং সমস্যাসমূহ) | |
| ভৌগোলিক অবস্থান | দেশব্যাপী |

**পরিবেশগত ও সামাজিক প্রেক্ষিতের সার-সংক্ষেপ**

| | |
|---|---|
| পরিবেশগত প্রেক্ষিত | |
| অনৈচ্ছিক পুনর্বাসন | |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | |

**অংশীদারদের সাথে মত-বিনিময়, যোগাযোগ, ও অংশগ্রহণ**

| | |
|---|---|
| প্রকল্প প্রস্তুতিকালীন | প্রকল্পের প্রস্তুতি চলাকালে এবং প্রস্তুতি শেষ করার সময়ে সরকারী প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটির সদস্য, জনসমাজের প্রতিনিধি'সহ বিভিন্ন অংশীদারদের সাথে ধারাবাহিক মতবিনিময় করা হয়। নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ |

| | |
|---|---|
| | অন্য কাজে ব্যয় হওয়ার ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে এডিবি'র কারিগরী সহায়তা প্রদানে পূর্ণ সহযোগিতা পাওয়া গেছে। |
| প্রকল্প বাস্তবায়নকালীন | সরকার ও উন্নয়ন সহযোগীদের মাধ্যমিক শিক্ষাখাত বিষয়ক বার্ষিক পর্যালোচনায় এই কারিগরী সহায়তার ফলাফল বিষয়ে আলোচনা করা হবে। |

## কাজের সুযোগ

| | |
|---|---|
| পরামর্শক সেবা | এডিবি'র ক্রয় নীতিমালা (২০১৭, সময়ানুযায়ী সংশোধিত) এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রশাসনিক নির্দেশনা/ কারিগরী সহায়তা নির্দেশনা অনুসারে এডিবি কর্তৃক পরামর্শক নিযুক্ত করা হবে। এ কারিগরী সহায়তার আওতায় মোট ৪৫ ব্যক্তি-মাসের জন্য পরামর্শক নিযোগ করা হবে যার মধ্যে থাকবে ৫ ব্যক্তি-মাস আন্তর্জাতিক পরামর্শক এবং ৪০ ব্যক্তি-মাস দেশীয় পরামর্শক। ফলাফল ১ বিষয়ে AFR পরিচালনার জন্য এডিবি একটি অডিট ফার্ম বা সমমানের কোন প্রতিষ্ঠানকে নিয়োগ করবে। পরামর্শকদের যোগ্যতাভিত্তিক নির্বাচন পদ্ধতি ব্যবহারের মাধ্যমে এই প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। আর্থিক এবং ক্রয় বিষয়ক অডিট পরিচালনার জন্য এই প্রতিষ্ঠান মোট ১৪ ব্যক্তি-মাসের পরামর্শক সেবা প্রদান করবে যার মধ্যে থাকবে ২ ব্যক্তি-মাসের আন্তর্জাতিক এবং ১২ ব্যক্তি-মাসের দেশীয় পরামর্শক সেবা। ফলাফল ২-এর আওতায় একটি একক বাজেট পদ্ধতি প্রচলনে সহায়তার জন্য এডিবি ২ ব্যক্তি-মাসের স্বতন্ত্র আন্তর্জাতিক পরামর্শক এবং ২৪ ব্যক্তি-মাসের দেশীয় পরামর্শক নিযুক্ত করবে। তাছাড়া, আরো প্রয়োজন দেখা দিলে বিশেষায়িত দক্ষতার ক্ষেত্র নির্ধারণ সাপেক্ষে পরামর্শক পুলের মাধ্যমে ১ ব্যক্তি-মাসের স্বতন্ত্র আন্তর্জাতিক পরামর্শক এবং ৪ ব্যক্তি-মাসের দেশীয় পরামর্শক নিয়োগ করা হবে। পরিশিষ্ট ৩-এ পরামর্শকদের নিয়োগের শর্তাবলীর (terms of reference- TOR) রূপরেখা দেয়া হয়েছে। |
| ক্রয় | নেই |

## দায়িত্বপ্রাপ্ত কর্মী

| | |
|---|---|
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | তাজিমা, এইসুকে |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত বিভাগ | দক্ষিণ এশিয়া বিভাগ |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগ | মানব ও সামাজিক উন্নয়ন বিভাগ, SARD |
| নির্বাহী সংস্থাসমূহ | *শিক্ষা মন্ত্রণালয়*<br>*শিক্ষা ভবন, ১৬ আব্দুল গনি রোড*<br>*ঢাকা-১০০০*<br>*বাংলাদেশ* |

**সময়সূচি**

| | |
|---|---|
| প্রকল্প ধারণাপত্রের অনুমোদন | - |
| তথ্যানুসন্ধান | - |
| ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পর্যালোচনা (MRM) | - |
| অনুমোদন | ০৭ ডিসেম্বর ২০১৭ |
| সর্বশেষ পর্যালোচনা | - |
| প্রকল্প তথ্যপত্রের সর্বশেষ হালনাগাদ | ১১ ডিসেম্বর ২০১৭ |

**TA 9452-BAN**

| মাইলফলকসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|
| **অনুমোদন** | **স্বাক্ষরের তারিখ** | **কার্যকরের তারিখ** | **সমাপ্তি** | | |
| | | | আদি | সংশোধিত | প্রকৃত |
| ০৭ ডিসেম্বর ২০১৭ | - | | ১১ ডিসেম্বর ২০১৯ | - | - |

| **অর্থায়ন পরিকল্পনা/ কারিগরী সহায়তার ব্যবহার** | | | | | | **ক্রমযোজিত অর্থছাড়** | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| এডিবি | সহ-অর্থায়ন | সহযোগী | | | | মোট | তারিখ | পরিমাণ |
| | | সরকার | সুফলভোগী | প্রকল্প স্পন্সর | অন্যান্য | | | |
| ৫০০,০০০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৫০০,০০০.০০ | ০৭ ডিসেম্বর ২০১৭ | ০.০০ |

| | |
|---|---|
| প্রকল্পের ওয়েব-পাতা | https://www.adb.org/projects/44213-019/main |
| তথ্যের জন্য অনুরোধ | http://www.adb.org/forms/request-information-form?subject=44213-019 |
| তৈরির তারিখ | ১৪ মে ২০১৮ |

প্রকল্প তথ্যপত্রে (পিডিএস) প্রকল্প বা কর্মসূচির তথ্যের সার-সংক্ষেপ থাকে: তথ্যপত্র একটি পরিবর্তনশীল নথি হওয়ায় এর প্রাথমিক সংকলনে কিছু তথ্য অন্তর্ভুক্ত নাও থাকতে পারে, তবে সেগুলো পাওয়া মাত্রই এতে অন্তর্ভুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত তথ্যসমূহ সম্ভাব্য ও নির্দেশনামূলক হয়ে থাকে।

প্রকল্প তথ্যপত্র (পিডিএস)-এ বর্ণিত তথ্যের ব্যাপারে এডিবি কোন ধরনের নিশ্চয়তা প্রদান করে না, বরং ব্যবহারকারীদের জন্য শুধু সাধারণ তথ্য যোগান দিয়ে থাকে। এডিবি উচ্চমানসম্পন্ন তথ্য প্রদানে সচেষ্ট থাকলেও এই তথ্য 'যেমন আছে তেমন' ভিত্তিতে দেয়া হয়। এক্ষেত্রে তথ্যের বাণিজ্যিক বা বিশেষ ব্যবহার এবং উপযোগিতা, কিংবা তথ্যের স্বত্বাধিকার সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন নিশ্চয়তা দেয়া হয় না। বিশেষত, এডিবি এ ধরনের তথ্যের যথার্থতা বা সম্পূর্ণতার নিশ্চয়তা প্রদান করে না।